

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৪৭০০.০০০.০১৯.১৮.০০২২.২৬-১০


তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধিবৃন্দের সঙ্গে ০৪ এপ্রিল ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধিবৃন্দের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সন্ধ্যা ০৭:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সম্মতি প্রদান করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ সাশ্রয়, জ্বালানি ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি এবং সার্বিক জনস্বার্থ নিশ্চিতকল্পে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর করা হলোঃ

- ১। জেলার আওতাধীন সকল শপিংমল, মার্কেট ও খুচরা দোকানসমূহ প্রতিদিন সন্ধ্যা ০৭:০০ ঘটিকার মধ্যে বন্ধ করতে হবে।
- ২। সকল প্রকার বিলবোর্ড ও বিজ্ঞাপন বাতি অবশ্যই সন্ধ্যা ০৭:০০ ঘটিকার মধ্যে বন্ধ করতে হবে।
- ৩। জেলার বিভিন্ন স্থানে অনুষ্ঠিতব্য সকল প্রকার মেলা এবং চলমান বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সন্ধ্যা ০৭:০০ ঘটিকার মধ্যে বন্ধ করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে প্রতিপালন করা আবশ্যিক। কোন ব্যক্তি/প্রতিষ্ঠান উক্ত নির্দেশনা অমান্য করলে তার বিরুদ্ধে বিদ্যমান আইন ও বিধি-বিধান অনুযায়ী যথাযথ প্রশাসনিক ও আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে। সকলের সহযোগিতা কাম্য।


০৬/০৪/২০২৬
হরে জামাত
জেলা প্রশাসক
খুলনা

ফোন: ০২৪৭৭-৭২১১১১(অফিস)


e-mail: dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০১৯.১৮.০০২২.২৬-১০

তারিখ : ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. বিভাগীয় কমিশনার, খুলনা
০২. পুলিশ কমিশনার, খুলনা
০৩. পুলিশ সুপার, খুলনা
০৪. প্রশাসক, খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, খুলনা.
০৫. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা (বিষয়টি সংশ্লিষ্টদের অবহিতকরণার্থে তার উপজেলায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৭. আঞ্চলিক পরিচালক, বিসিক, খুলনা
০৮. পরিচালক ও রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন, বিভাগীয় শ্রম দপ্তর, খুলনা
০৯. উপপ্রধান তথ্য অফিসার, পিআইডি, খুলনা (তাকে বিজ্ঞপ্তিটি প্রেস রিলিজ আকারে স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য ও মাইকিং এর মাধ্যমে প্রচারনার জন্য অনুরোধ করা হলো)
১০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা (তাকে বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১১. আহবায়ক, খুলনা প্রেস ক্লাব, খুলনা
১২. সভাপতি/ সাধারণ সম্পাদক,.....খুলনা


০৬/০৪/২০২৬
হরে জামাত
জেলা প্রশাসক
খুলনা